



শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

স্মারক নং-৪৬.০৯৩.০১৪.০১.০০.১৩৭.২০১৪-১৭৪

তারিখ: ০১ চৈত্র ১৪২৭
১৫ মার্চ ২০২১


বিষয়: “উপজেলা শহর (নন-মিউনিসিপ্যাল) মাস্টার প্ল্যান প্রণয়ন ও মৌলিক অবকাঠামো উন্নয়ন” শীর্ষক প্রকল্পের প্রস্তাবিত ১ম সংশোধিত ডিপিপি অনুমোদন সংক্রান্ত।

সূত্রঃ পরিকল্পনা কমিশনের স্মারক নং-২০.০৩.০০০০.৮০৪.১৪.০৪৭.১৯-১৫৬; তারিখ: ১৫/১১/২০২০।

উপর্যুক্ত বিষয় ও সূত্রস্থ পত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, এলজিইডি কর্তৃক বাস্তবায়নাধীন “উপজেলা শহর (নন-মিউনিসিপ্যাল) মাস্টার প্ল্যান প্রণয়ন ও মৌলিক অবকাঠামো উন্নয়ন” শীর্ষক প্রকল্পের প্রস্তাবিত ১ম সংশোধিত ডিপিপি গত ০৮/১১/২০২০ তারিখে অনুষ্ঠিত পিইসি সভার সিদ্ধান্ত অনুযায়ী পুনর্গঠন করা হয়েছে, যা এ সাথে প্রেরণ করা হলো। উল্লেখ্য, পিইসি সভার সিদ্ধান্তসমূহ যথাযথভাবে প্রতিপালনের নিমিত্ত তথ্য/উপাত্ত সংগ্রহকল্পে আরডিপিপি পুনর্গঠনে বিলম্ব হয়েছে।

২। এমতাবস্থায়, পরিকল্পনা কমিশনে অনুষ্ঠিত পিইসি সভার সিদ্ধান্তের আলোকে পুনর্গঠিত মোট ১৬৮৫.০০ কোটি (এক হাজার ছয়শত পঁচাত্তর কোটি) টাকা প্রাক্কলিত এবং জুলাই ২০১৮ হতে জুন ২০২৪ পর্যন্ত মেয়াদে বাস্তবায়নের নিমিত্ত “উপজেলা শহর (নন-মিউনিসিপ্যাল) মাস্টার প্ল্যান প্রণয়ন ও মৌলিক অবকাঠামো উন্নয়ন” শীর্ষক প্রকল্পের প্রস্তাবিত ১ম সংশোধিত ডিপিপি একনেক কর্তৃক অনুমোদনের পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ জানানো হলো।

সংযুক্তি: প্রকল্পের পুনর্গঠিত আরডিপিপি ১৫ (পনের) কপি।



(মুহাম্মদ আমিন শরীফ)

সিনিয়র সহকারী সচিব

ফোন: ৯৫৭৮০১২

planning1.lgd@gmail.com

সদস্য

ভৌত অবকাঠামো বিভাগ

পরিকল্পনা কমিশন, শেরে বাংলা নগর, ঢাকা।

অনুলিপি:

- ১। প্রধান প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা (পুনর্গঠিত আরডিপিপির একটি Soft copy প্রকল্প পরিচালক, “ডিজিটাল ডাটাবেজ সিস্টেম ও আর্কাইভ প্রতিষ্ঠার মাধ্যমে এনইসি-একনেক ও সমন্বয় অনুবিভাগের সক্ষমতা বৃদ্ধিকরণ” শীর্ষক প্রকল্প, পরিকল্পনা বিভাগ বরাবর প্রেরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো)।
- ২। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৪। প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের জন্য)।
- ৫। মহাপরিচালক (মইই উইং) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৬। যুগ্মসচিব (পরিকল্পনা) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।